বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা, নকশা ও গবেষণা
এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৭৭৫

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩ / ১৬ আগস্ট ২০২৬

দপ্তরাদেশ

"ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার রাখালগাছী ইউনিয়নের ফসল রক্ষার্থে জলাবদ্ধতা নিরসন' শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়নের নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে, হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন প্রণয়নের জন্য বাপাউবো'র নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধির আওতায় একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

ক্রম নং	কর্মকর্তাগণের নাম ও পদবি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)	কমিটিতে অবস্থান
১।	**তত্ত্বাবধায়ক প্রকৌশলী** **ডিজাইন সার্কেল-৫, বাপাউবো, ঢাকা।**	**আহবায়ক**
২।	জনাব এম. মাহমুদুল হাসান নির্বাহী প্রকৌশলী (পুর)(চঃদাঃ), পরিকল্পনা-২ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	জনাব মোঃ জাহাঙ্গীর আলম উপ-প্রধান (কৃষি), অতিঃ প্রধান প্রকৌশলী, আইসিজেড ও ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট এর দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	জনাব কাঞ্জিলাল রায় জীবন গবেষণা কর্মকর্তা, অর্থনীতি, অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।	সদস্য
৫।	জনাব মোঃ তারিফুজ্জামান গবেষণা কর্মকর্তা, পরিবেশ ও বন, প্রধান, পানি ব্যবস্থাপনা (কমি.ডেভে.) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৬।	**নির্বাহী প্রকৌশলী (পুর)** **ঝিনাইদহ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ।**	**সদস্য-সচিব**

কমিটির কার্যপরিধি:

১। ক) কমিটির সদস্যগণ কর্তৃক প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন পূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার, জনপ্রতিনিধি, প্রশাসন এবং অন্যান্য সংশ্লিষ্ট সরকারি/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে আলোচনার মাধ্যমে মতামত প্রদান;

খ) আলোচ্য প্রকল্পের প্রয়োজনীয়তা/যৌক্তিকতা নির্ধারণ ও সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি মতামত/সুপারিশ প্রদান;

গ) প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী কারিগরি/সমীক্ষা প্রতিবেদন পর্যালোচনা, প্রস্তাবিত প্রকল্পে জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষণে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান;

ঘ) আলোচ্য কাজ অন্তর্ভুক্তির ফলে প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে এবং বাস্তবায়ন পরবর্তী সময়ে কী পরিমাণ প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি করবে সে সংক্রান্ত তথ্যাদি বিশ্লেষণসহ মতামত প্রদান;

ঙ) আলোচ্য কাজ অন্তর্ভুক্তির ফলে সম্ভাব্য উপকারভোগীদের সংখ্যা, কীভাবে উপকৃত হবে তার বিবরণ, উপকারপ্রাপ্ত নাগরিকের ধরণ (কৃষক, জেলে, তাঁতি, শিক্ষার্থী ইত্যাদি) সম্পর্কিত তথ্যাদি বিশ্লেষণসহ প্রকল্প বাস্তবায়নের ফলে প্রাপ্ত সুফল সম্পর্কিত মতামত প্রদান;

চ) A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকায় কি ধরনের কাজ করা হবে তা প্রদর্শন করে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন;

ছ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন সর্ম্পকিত মতামত প্রদান;

জ) বিবিধ।

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। কমিটি পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। **এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :
১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৫, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপ-প্রধান (কৃষি), অতিঃ প্রধান প্রকৌশলী, আইসিজেড ও ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। নির্বাহী প্রকৌশলী (পুর), ঝিনাইদহ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ।
৪। জনাব এম. মাহমুদুল হাসান, নির্বাহী প্রকৌশলী (পুর) (চ.দা.), পরিকল্পনা-২ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। কাঞ্জিলাল রায় জীবন, গবেষণা কর্মকর্তা, অর্থনীতি, অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।
৬। জনাব মোঃ তারিফুজ্জামান, গবেষণা কর্মকর্তা, পরিবেশ ও বন, প্রধান, পানি ব্যবস্থাপনা (কমি.ডেভে.) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।

সংযুক্তিসমূহঃ
(১) মাননীয় সাংসদ এর ডিও
(২) সংযুক্তি-১
(৩) প্রস্তাবিত অংশের গুগল ম্যাপ



১৬-০৮-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোন : ০২২২২২৩০০৪০
ইমেইল : adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৭৭৫/১ (১৩)

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩ / ১৬ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অতি. প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
২। অতি. প্রধান প্রকৌশলী (পুর), পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
৩। অতি. প্রধান প্রকৌশলী (পুর) (ভারপ্রাপ্ত), আইসিজেড ও ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট, বাপাউবো, ঢাকা।
৪। অতি. প্রধান প্রকৌশলী, ডিজাইন এন্ড রিসার্স এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। প্রধান পানি ব্যবস্থাপনা, পানি ব্যবস্থাপনা (কমি.ডেভে.) এর দপ্তর, বাপাউবো।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-২ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) (ভারপ্রাপ্ত), কুষ্টিয়া পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া।
৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত), বাপাউবো, ঢাকা।
১০। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
১১। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি।
১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

১৩। দপ্তর কপি।



১৬-০৮-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)